

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের ০১ (এক) টি শূন্য পূর্ণকালীন হাউজ টিউটর পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী মহিলা নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রীধারী এবং প্রতিটি পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/ শ্রেণী/ সমমান সিজিপিএ/ জিপিএ প্রাপ্ত হইতে হইবে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। প্রার্থীকে হল প্রশাসনের কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। কোন বিশ্ববিদ্যালয়ের মহিলা হলে হাউজ টিউটর হিসাবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা সম্পর্কিত অন্যান্য কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান ও সাংগঠনিক কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৯-১০-২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

